

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
website: www.dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৯৪.১৬.২০৬৭(৭)

তারিখ : ০১/১২/২০১৬ খ্রি:।

বিষয় : অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৬-১৭ এর লক্ষ্যমাত্রা, মূল্য, সময়সীমা এবং উপজেলাওয়ারী সিদ্ধ চালের বিভাজন।

সূত্র : খাদ্য মন্ত্রণালয় এর স্মারক নং ১৩.০০.০০০০.০৪৩.১৯.০০৬.২০১৬-৭৩, তারিখ ৩০-১১-২০১৬ইং।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রে বর্ণিত স্মারকে অভ্যন্তরীণ আমন সংগ্রহ ২০১৬-১৭ এর আওতায় সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে :

- (ক) আমন সংগ্রহের (সিদ্ধ চাল) লক্ষ্যমাত্রা ২,৫০,০০০ (দুই লক্ষ পঞ্চাশ হাজার) মেঃ টন এবং প্রতিকেজি চালের সংগ্রহ মূল্য ৩৩ (তেরিশ) টাকা নির্ধারণ;
- (খ) আমন সংগ্রহ ২০১৬-২০১৭ এর আওতায় মিলারদের চুক্তির সময়সীমা ১৫/১২/২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত নির্ধারণ;
- (গ) মিলারদের প্রদেয় বস্তার জামানত মূল্য ৫০ কেজি ও ৩০ কেজি ধারণক্ষম বস্তার প্রতিটির জন্য যথাক্রমে ৮০/- (আশি) টাকা ও ৬০/- (ষাট) টাকা নির্ধারণ;
- (ঘ) আমন চাল সংগ্রহের সময়সীমা ০১ ডিসেম্বর ২০১৬ থেকে ১৫ মার্চ, ২০১৭ খ্রিঃ পর্যন্ত নির্ধারণ;
- (ঙ) যে সব মিল মালিক বিগত বোরো সংগ্রহ-২০১৬ মৌসুমে সিদ্ধ বোরো চালের চুক্তিপত্র সম্পাদন করেননি এবং যারা চুক্তি সম্পাদন করে চুক্তির পুরো চাল সরকারী গুদামে সরবরাহ করতে ব্যর্থ হয়েছেন, তারা চলতি আমন মৌসুমে ২০১৬-১৭ ও সংগ্রহ ও ছাঁটাই কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন না।

এক্ষণে সূত্রে বর্ণিত স্মারকে অনুমোদনকৃত ২,৫০,০০০ মেঃ টন সিদ্ধ চাল লক্ষ্যমাত্রার উপজেলাওয়ারী বিভাজন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে এতদসংগে প্রেরণ করা হল। প্রেরিত লক্ষ্যমাত্রার বিভাজন তাঁর অঞ্চলের অন্তর্ভুক্ত জেলা/উপজেলা সমূহের জেলা খাদ্য নিয়ন্ত্রক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হল।

এমতাবস্থায় উপরে বর্ণিত সিদ্ধান্ত অনুযায়ী সংগ্রহ নীতিমালা-২০১০ যথাযথ অনুসরণপূর্বক বিনির্দেশিত মানের সিদ্ধ চাল সংগ্রহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হল।

প্রাপক : আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক  
ঢাকা/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/খুলনা/সিলেট/বরিশাল বিভাগ।

স্মারক নং ১৩.০১.০০০০.০৯১.৪৫.০৯৪.১৬.২০৬৭/৭(১৭)

অনুলিপি :

- ১। সচিব, খাদ্য বিভাগ, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সদয় অবগতির জন্য।
- ৪। সকল পরিচালক ..... খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী/অগ্রণী/জনতা/কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা এবং রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, রাজশাহী। সংশ্লিষ্ট শাখা ব্যাংক সমূহকে প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হল।
- ৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, খাদ্য ও দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রণালয়, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৭। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, দপ্তরে ফ্যাক্স করার জন্য অনুরোধ করা হল।
- ৮। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। উপরোক্ত বার্তাটি ও সংযুক্ত বিভাজন জরুরী ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল।

(মোঃ আবদুল আজিজ মোল্লা)  
পরিচালক, সংগ্রহ বিভাগ  
E-mail: dproc@dgfood.gov.bd  
তারিখ : ০১/১২/২০১৬ খ্রি:।

(শেখ রোকা মিয়া)

অতিঃ পরিচালক, সংগ্রহ